ঝিনাইদহে ১ হাজার বাস ও ট্রাক শ্রমিকের মাঝে পৌর মেয়রের আর্থিক সহায়তা প্রদান

দেশব্যাপী চলমান কারফিউ পরিস্থিতির মধ্যে যান চলাচল বন্ধ হয়ে যাওয়ার কারনে সাধারণ শ্রমিকদের দৈনন্দিন আয় রোজগার সাময়িক স্থবির থাকাতে ১হাজার বাস ও ট্রাক শ্রমিকের মাঝে ঝিনাইদহ পৌর মেয়র কাইয়ুম শাহারিযর জাহেদী হিজল নিজ উদ্যোগে নগদ অর্থ সহযোগিতা প্রদান করেছেন।

ঝিনাইদহ আরাপপুরের নবগঙ্গা তীরে নিজ বাড়ীতে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সে সময় পৌর মেয়র ছাড়াও উপস্থিত ছিলেন জাহেদী ফাউন্ডেশনের প্রধান সমন্বয়ক তবীবুর রহমান লাবু, পাগলা কানাই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাসসহ বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ।

এ ব্যাপারে পৌর মেয়র হিজল গণমাধ্যমকে বলেন, দেশব্যাপী সমসাময়িক কারফিউ পরিস্থিতিতে যানবাহন বন্ধ থাকার কারনে সাধারণ শ্রমিক ভাইদের আয় রোজগার বন্ধ হয়ে যায় তারই ধারাবাহিকতায় অস্বচ্ছল ১হাজার জন শ্রমিক ভাইদের হাতে সামান্য কিছু নগদ অর্থ তুলে দিয়ে পাশে থাকতে পেরে নিজেকে ধন্য মনে করছি। তিনি আরও বলেন, যেকোন পরিবেশ পরিস্থিতিতে শ্রমিক ভাইদের পাশে থেকে সহযোগিতার হাত বাড়িয়ে দিবেন বলেও আশাবাদ ব্যক্ত করেণ।

এ ব্যাপারে সাধারণ শ্রমিকরা বলেন, দেশের এমন পরিস্থিতিতে যানবাহন বন্ধ থাকায় তাদের আয় রোজগার বন্ধ হয়ে যায় এমতাবস্থায় পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল নিজ উদ্যোগে শ্রমিকদের মাঝে অর্থিক সহায়তা প্রদান করায় কৃতজ্ঞতা প্রকাশ করেণ এবং সবসময় তাদের পাশে থাকার প্রত্যাশা জানিয়েছেন।

হরিণাকুণ্ডুতে শিক্ষা অফিসের হিসাবরক্ষক দিয়ে নিয়োগ বোর্ড বসালেন মাদ্রাসা কমিটি

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার গাড়াবাড়িয়া সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসায় বড় অংকের ঘুষের বিনিময়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের পরিবর্তে অফিসের হিসাবরক্ষক কাম অফিস সহকারীকে দিয়ে বিধি বহির্র্ভূত ভাবে ইবতেদায়ী প্রধান শিক্ষক এবং কম্পিউটর ল্যাব সহকারী নিয়োগের বোর্ড বসানোর অভিযোগ উঠেছে।

গত শুক্রবার (২৬ জুলাই) সকাল নয়টায় অতি গোপনে নিজ মাদ্রাসায় এই নিয়োগ বোর্ড বসান প্রতিষ্ঠানের সুপার আব্দুল আলিম। এই নিয়োগ নিয়ে রয়েছে বিস্তর অভিযোগ এবং নিয়োগের বিপরিতে রয়েছে মামলাও তবে কোন বিষয় তোয়ক্কা না করে ২০লক্ষ টাকার বিনিময়ে দেশের এই কারফিউ পরিস্থিতির মধ্যেও নিয়োগ বোর্ড বসালেন মাদ্রাসা সুপার।

মাদ্রাসার নিয়োগ প্রত্যাশি দুজন ভুক্তভোগীর মধ্যে আফরিন জাহান নামে একজন এই পাতানো নিয়োগ বন্ধের দাবী জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আবেদন করেছে। এই আবেদনে তিনি বলেন, এই প্রতিষ্ঠান একাধিকবার নিয়োগের সার্কাকুলার দিয়েছে, আমি ল্যাব সহকারী পদে চাকুরীর জন্য প্রথমবার আবেদন করেছি, কিন্তু আমাকে কিছু না জানিয়ে এবং পরীক্ষার প্রবেশপত্র ইস্যু না করে টাকার বিনিময়ে সম্পুর্ণ বিধি বহির্ভূত ভাবে এবং গোপনে নিয়োগ বোর্ড বসিয়েছেন, তদন্ত সাপেক্ষে আমি এই অবৈধ নিয়োগ বোর্ড বাতিল এবং এই ঘুষখোর নিয়োগ কমিটির বিচার দাবি করছি।

আরও জানা যায়, প্রতিষ্ঠানের দাতা সদস্য আসাদুল ইসলাম, ২০ডিসেম্বর ২০২২ তারিখে গোপনে দেশের অপচলিত পত্রিকায় প্রতিষ্ঠানের নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়ার কারণে হরিণাকুণ্ডু নির্বাহী অফিসারের নিকট লিখিত আবেদন করেন । আবেদনের প্রেক্ষিতে নির্বাহী অফিসার উভয় পক্ষকে ডেকে একটি সমঝতা করে দেন। এরপর আবার ষড়যন্ত্র করে গোপনে ১০অক্টেবর নিয়োগ বিজ্ঞপ্তি দিলে দাতা সদস্য আদালতে মামলা করেণ, যার নং ১৫/২৩, মামলাটি চলমান রয়েছে। এই অবস্থায় আবার তৃতীয়বার বিজ্ঞপ্তি দিয়ে কমিটির কয়েকজনকে নিয়ে গোপনে মিটিং করে টাকা ভাগাভাগির মাধ্যমে গত ১৯ জুলাই সবত্র শাট ডাউনের মধ্যে নিযোগ

বোর্ড বসানোর চেষ্টা করে। বিষয়টি জানাজানি হলে তা আর সম্ভব হয়নি। পরে একই কায়দায় গত ২৬ জুলাই মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালকের ব্যক্তিগত সহকারী রাজিয়া সুলতানার উপস্থিতিতে নিয়োগ বোর্ড বসান।

সেখানে বিধি মোতাবেক শিক্ষা মন্ত্রনালয়ের প্রতিনিধি হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের উপস্থিত বাধ্যতামূলক থাকলেও তার পরিবর্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের হিসাবরক্ষক মোঃ ফিরোজ আহমেদ প্রতিনিধিত্ব করেণ যা সম্পুর্ণ অবৈধ। এবিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী বলেন, আমার প্রতিনিধি হিসেবে নিয়োগ বোর্ডে হিসাবরক্ষকে পাঠিয়েছি, তবে রেজুলেশনে আমি স্বক্ষর করবো। তাকে প্রতিনিধি পাঠানোর নিয়ম আছে কিনা জানতে চাইলে তিনি বলেন ডিসি সাহেব প্রতিনিধি পাঠালে হবে, আমি পাঠালে হবে না কেন? এবিষয়ে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট জানতে চাইলে তিনি বলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারই মন্ত্রনালয়ে প্রতিনিধি ওনাকে স্বশরীরে নিয়োগ বোর্ডে উপস্থিত থাকতে হবে ওনি কাউকে প্রতিনিধি হিসেবে পাঠাতে পারেন না, পাঠালে নিয়োগ বোর্ড হবেনা। নিয়োগ সম্পর্কে প্রতিষ্ঠানের সুপারেন্টটেন্ড মোঃ আব্দুল আলিম বলেন আমরা মিটিং করে সিদ্ধান্ত নিয়েছি যারা নিয়োগ বোর্ডে আসছেন তাদের দিয়েই বোর্ড গঠন করা হয়েছে। সঠিক হয়েছে কিনা ওনারা ভাল জানেন। মামলা সংক্রান্ত বিষয়ে বলেন কোর্টের কোন নিষেধাজ্ঞা নেই। ঘুষ নেওয়ার বিষয়টি এড়িয়ে যান তিনি। এছাড়াও সুপারের বিরুদ্ধে ক্যাশবুক লেখায় অনিয়ম, ছাত্রছাত্রীদের বেতন আদায়, শিক্ষকদের ভাতা প্রদান, কৃষি জমির আয়, অনুদান, সঠিক ভাবে ব্যাংক হিসাবে জমা না দিয়ে ব্যক্তিগত ভাবে হাতে রেখে খরচ করার অভিযোগও রয়েছে।

প্রতিষ্ঠানের সভাপতি টুলু মন্সীকে বার বার ফোন দিয়েও তাকে পাওয়া যায়নি। বিষয়টি নিয়ে এলাকায় বেশ চাঞ্চলের সৃষ্টি হয়েছে। এঅবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে নিয়োগ প্রক্রিয়াটি বন্ধ করে স্বচ্ছতার সাথে বিধিমোতাবেক নিয়োগের আবেদন জানান এলাকাবাসী।

ঝিনাইদহে ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন উপকরণ বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলার ১২ নং দোগাছি ইউনিয়নের ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল (বিবিজি)’র ১ম কিস্তির উপকরণ বিতরণ করা হয়েছে।

উপকরণের অংশ হিসাবে প্রত্যেক প্রতিষ্ঠানে একটি করে কম্পিউটার প্রিন্টার, একটি স্টিলের আলমারি ও দুটি করে সিলিং ফ্যান বিতরণ করা হয়। আজ রোববার দুপুরে এ উপলক্ষে ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম কিবরিয়া কাজলের সভাপতিত্বে অনুষ্ঠানে সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার প্রবীর কানজিলাল, সাবেক ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম লাটুসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও পরিচালনা পরিষদের সভাপতিসহ ইউনিয়নের গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহ পৌরসভার আয়োজনে ৬ দিন ব্যপী ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ পৌরসভার আয়োজনে এ ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলের সভাপতিত্বে ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন ঝিনাইদহ সিভিল সার্জন শুভ্রা রানী দেবনাথ।

সেসময় উপস্থিত ছিলেন পৌরসভার সকল কাউন্সিলরবৃন্দ। পৌরসভার ৯টি ওয়ার্ডে এই ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে রোগ নির্নয় করে রোগীদের বিনামুলে সকল প্রকার ঔষধ বিতরণ করা হয়। এই চিকিৎসা সেবা পেয়ে পৌরবাসী সন্তুষ্টি প্রকাশ করেন।

অনলাইন ভিত্তিক সংগঠন ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশনে’র মতবিনিময় সভা অনুষ্ঠিত

আঞ্চলিক ভাষা রক্ষার দৃঢ় প্রত্যয় নিয়ে আজ শনিবার সকালে ঝিনাইদহের অনলাইন ভিত্তিক জনপ্রিয় সংগঠন “ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশন” এর এক সভা ও গ্রুপ ক্রিয়েটর আমেরিকা প্রবাসি তরিকুল ইসলাম মিঠুর সংর্বধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহ জোহান ড্রিম ভ্যালি পার্কে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সিনিয়র সাংবাদিক আসিফ ইকবাল কাজল।

দুই দিন ব্যাপী এই সংর্বধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা ঝিনাইদহ চেম্বারের ভারপ্রাপ্ত সভাপতি ও বিশিষ্ট শিল্প উদ্যোক্তা জোহান ড্রিম ভ্যালির মালিক মোঃ মোয়াজ্জেম হোসেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সংগঠনের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম মিঠু, সাইফুল ইসলাম লিকু, মাসুদ রানা, ফিরোজা জামান আলো, মোরশেদ আলম, নাজমুল হাসান সবুজ, সাইদুল ইসলাম টিটো, মহাব্বত আলী, নিপা জামান, সুরভি ইসলাম, আশরাফুল ইসলাম, জাম্মিম সবুজ, কবি ও সাহিত্যিক এমদাদ শুভ্র, মেহেদী হাসান সুমন, শরিফুল ইসলাম, মেহেদী হাসান মেন্দি ও আনিছুর রহমান প্রমুখ। অনুষ্ঠানে পরিচালনা করেন আঞ্চলিক ভাষার গবেষক ও বিশিষ্ট ব্যাংকার এনামুল হক।

প্রধান অতিথির বক্তৃতায় ঝিনাইদহ চেম্বারের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন বলেন, জেলার আঞ্চলিক ভাষা আমাদের প্রাণ।

শিশুকাল থেকে আমরা মায়ের ভাষা রপ্ত করে আঞ্চলিকতা প্রাধান্য দিয়ে আসছি। ঝিনেদার আঞ্চলিক ভাষা চার্চার মাধ্যমে এই ভাষাকে সমুন্নত রাখতে সংগঠনটি প্রধান ভুমিকা পালন করে যাচ্ছে। তিনি নিজ নিজ সন্তানদেরকে আঞ্চলিক ভাষা শেখানোর পাশাপাশি তাদের আদার ও শাসন করার তাগিদ দেন।

সংর্বধনার জবাবে গ্রুপ ক্রিয়েটর ও সংগঠনের সাধারণ সম্পাদক আমেরিকা প্রবাসি তরিকুল ইসলাম মিঠু বলেন, বিশ^ব্যাপী আঞ্চলিক ভাষা ছড়িয়ে দেওয়ার এক যুগ সন্ধিক্ষনে এই সংগঠনটির আত্মপ্রকাশ ঘটে। “ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশন” এখন অনেক বড় একটি অনলাইন ভিক্তিক প্লাটফর্ম।

অনুষ্ঠানের সভাপতি সিনিয়র সাংবাদিক আসিফ ইকবাল কাজল বলেন, ঝিনাইদহের ভাষা মিষ্টি ও মধুর। এই ভাষায় রয়েছে মাটির টান। আমরা জেলার আঞ্চলিকা ভাষা হারিয়ে যেতে দেব না। নিয়মিত নিজের সন্তানকে এই ভাষা শিখিয়ে আঞ্চলিকতাকে পুর্নতা দিতে বদ্ধপরিকর। অনুষ্ঠান শেষে অতিথিদের ক্রেষ্ট ও ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

হরিণাকুণ্ডুতে পানিতে ডুবে মাদ্রাসা ছাত্রের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পুকুরের পানিতে ডুবে সিয়াম (১৩) নামে এক মাদ্রাসা ছাত্র মৃত্যু হয়েছে। মৃত সিয়াম উপজেলার শিতলী গ্রামের রোকেয়া খাতুন কোওমী মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র এবং কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকার পারখাদ্দি গ্রামের শামীম হোসেনের পুত্র। ইতিমধ্যে তার ১৭’পারা কোরআন শরীফ সমাপ্ত হয়েছে।

সহপাঠী এবং স্থানীয়রা জানান, গতকাল শুক্রবার দুপুরে প্রতিদিনের ন্যায় মাদ্রাসার পিছনের পুকুরে সিয়ামসহ অনেক ছাত্র গোসল যায়। সবাই উঠে আসলেও সিয়ামের খোজ কেউ করেনি পরে রাতের বেলায় প্রতিষ্ঠানের হুজুর হাজিরা নিয়ে দেখে সিয়াম নাই। তখন অনেক খোজা খুজির পরেও তাকে ওই দিন পাওয়া যায়নি। আজ শনিবার (২৭ জুলাই) সকালে পুকুরে সিয়ামের লাশ ভেসে উঠেতে দেখে সবাই নিশ্চিত হয় যে, সে

গোসল করতে গিয়ে পানিতে ডুবে মারা গিয়েছে। পরে পুলিশ এবং তার পরিবারকে খবর দেওয়া হয়। পুলিশ লাশটি উদ্ধার করে এবং দেখে তার গায়ে কোন আঘাতের চিহ্ন নাই, পানিতে ডুবেই শিশুটি মৃত্যু বরণ করেছে বলে ধারণা করছেন। পরিবারের আপত্তির কারণে তার লাশটি পোস্টমোর্টেম করা হচ্ছেনা বলে জানান পুলিশ।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: জিয়াউর রহমান, শিতলী গ্রামের রোকেয়া খাতুন কোওমী মাদ্রাসার ছাত্র সিয়াম (১৩) পানিতে ডুবে মৃত্যু বরণের খবরটি নিশ্চিত করেন।

কোটচাঁদপুরে কর্তাভোজা কল্যাণ ট্রাস্টের মাসিক সভা

কর্তাভোজা কল্যাণ ট্রাস্টের মাসিক সভায় আত্মপ্রকাশ ঘটল ভবেশ চন্দ্র দেবের লেখা পুস্তক সতীমা ও সত্যদর্শন। বুধবার বিকেলে কোটচাঁদপুর বাগডাঙ্গা উপাসনালয়ের সামনে অনুষ্ঠিত আলোচনা সভায় এ আত্মপ্রকাশ ঘটে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মহাশয় গোবিন্দ দেব অধিকারী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এলাঙ্গী ইউনিয়নের ইউপি সদস্য এনামুল হক।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন,সতীমা ও সত্যদর্শন পুস্তকের লেখক ভবেশ চন্দ্র দেব।

এ সময় উপস্থিত ছিলেন,বাগডাঙ্গা গ্রামের রঞ্জন দেব,চৌগাছার মুত্তদহ গ্রামের আনন্দ মহন দেব, চৌগাছা খড়িংঞ্চার মহাশয় গোবিন্দ অধিকারী, মহেশপুরের সুন্দরপুরের মহাশয় অনিল দেব,তাহেরপুরের মহাশয় অশ্বিনে দেব,বাগডাঙ্গা গ্রামের রতন দেব, মহেশপুরের মদন সত্য বুদ্দিশ্বর দেব,সত্য রঞ্জন দেব।

পরে উপস্থিত ভক্তবৃন্দদের মধ্যে পুস্তক বিতরন করা হয়। এ সময় তারা বলেন,আস্তে আস্তে আমাদের এ সংগঠনের প্রসার ঘটছে। সামনের দিনে

আমরা আমার এ পুস্তক গুলো আরো ভক্তবৃন্দের হাতে তুলে দেয়া হবে।

ঝিনাইদহে বজ্রপাত প্রতিরোধে তাল গাছ রোপনের উদ্বোধন

পরিবেশের ভারসাম্য রক্ষা ও বজ্রপাত প্রতিরোধে ঝিনাইদহে তালগাছের চারা রোপনের উব্দোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের ভগবানগর গ্রামে এ কর্মসূচির উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ ও কালীচরনপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানায়, ভগবানগর গ্রাম থেকে বেলেডাঙ্গা গ্রাম পর্যন্ত ১ কিলোমিটার গ্রামীন সড়কের দু’পাশে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে দুই হাজার তালের গাছ রোপন করা হবে। স্থানীয়দের সহযোগিতায় গাছগুলো পরিচর্যা করা হবে।

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের মুক্তির

দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে জেলা বাস মিনিবাস মালিক সমিতি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে বাস মিনিবাস মালিক সমিতি, চেম্বার অব কমার্সের নেতৃবৃন্দসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে জেলা বাস মিনিবাস মালিক সমিতির সাবেক সভাপতি রোকনুজ্জামান রানু, মোহাম্মদ আলী কানু, সাবেক সদস্য ওহিদুল আলম খান, আব্দুল কুদ্দুস, চেম্বার অব কমার্সের পরিচালক নয়ন আহম্মেদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন বাস মিনিবাস মালিক সমিতিরি হিসাব সহকারী আমজাদ হোসেন।

সেসময় বক্তারা, জেলায় আওয়ামী লীগের রাজনীতি ধংস করতে ষড়যন্ত্র করে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুকে মিথ্যা মামলায় গ্রেফতার করা হয়েছে দাবী করে দ্রুত তার মুক্তির দাবী জানান।

উল্লেখ্য, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় গত ১১ জুন সাইদুল করিম মিন্টুকে আটক করে মহানগর গোয়েন্দা পুলিশ। পরে তাকে ওই মামলায় গ্রেফতার দেখানো হয়।

ঝিনাইদহে কোটা বিরোধী শিক্ষার্থীদের উপর ছাত্রলীগের হামলা, আহত-১০

ঝিনাইদহে কোটা বিরোধী আন্দোলনকারী শিক্ষার্থীদের উপর হামলার ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার সকালে শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ

মাঠে এ ঘটনা ঘটে।

শিক্ষার্থী ও প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানায়, কোটা বিরোধী আন্দোলনের অংশ হিসেবে সকালে বিক্ষোভ মিছিল করার জন্য শহরের উজির আলী স্কুল মাঠে জড়ো হয় শিক্ষার্থীরা। সে সময় শহরের পায়রা চত্বর এলাকা থেকে ছাত্রলীগের একটি মিছিল লাঠি-সোটা নিয়ে পুলিশের বাঁধা উপেক্ষা করে আন্দোলনকারী শিক্ষার্থীদের উপর হামলা চালায়। তারা লাঠি, রড দিয়ে শিক্ষার্থীদের মারধর করে ব্যানার কেড়ে নেয়। ভাংচুর করে মাইক। আন্দোলনকারী শিক্ষার্থীরা ছত্রভঙ্গ হয়ে গেলে ছাত্রলীগ সেখান থেকে মিছিল সহকারে ফিরে যায়। হামলায় আন্দোলনকারী অন্তত ১০ জন শিক্ষার্থী আহত হয়েছে। এ ঘটনার পর থেকে এলাকার থমথমে অবস্থা বিরাজ করছে।

ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি সজিব ও সাধারণ সম্পাদক আল ইমরানের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে ফোনটি রিসিভ করেননি।

কোটা বিরোধী আন্দোলনকারী শিক্ষার্থীর আবু হুরায়রা জানান, কোটা বিরোধী আন্দোলনের অংশ হিসেবে সকালে শহরের উজির আলী স্কুল মাঠে জড়ো হয় শিক্ষার্থীরা। সেসময় ছাত্রলীগের নেতা কর্মীরা লাঠি-সোটা নিয়ে আমাদের উপর হামলা করে। আমরা নিরীহ শিক্ষার্থী। আমাদের উপর এমন বর্বর হামলা করা হয়েছে। এতে আমাদের ৮/১০ জন শিক্ষার্থী আহত হয়েছে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ শাহীন উদ্দীন জানান, সকালে কোটা বিরোধী আন্দোলনকারী শিক্ষার্থীদের শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে জড়ো হয়। সেময় ছাত্রলীগের নেতা কর্মীরা একটি মিছিল নিয়ে যাওয়ার পর একটু উত্তেজনা সৃষ্টি হয়। এরপরপরই পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে নেয়।